

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৬২

১২, কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ই'তেকাফরত অবস্থায় মাথা আচড়ানো ও ধৌত করার জন্য মাসজিদ থেকে বের না হয়েই মাথা আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার হুজরার দিকে বের করে দিতেন মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصِيْطَفَى صلى الله عليه وسلم كَانَ يُخْرِجُ رَأْسَهُ إِلَى حُجْرَةِ عَائِشَةَ فِي اعْتِكَافِهِ لترجّلَهُ وَتَغْسِلَهُ دُونَ أَنْ يَخْرُجَ مِنَ الْمَسْجِدِ لَهُمَا

আরবী

3662 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا عُمْرُ بْنُ عَبْدِ الْوَاحِدِ عَنِ الْأَوْزَاعِيِّ عَنِ الزُهْرِيِّ قَالَ: أَخْبَرَنِي عُرْوَةَ عَنْ عَائِشَةَ عَلَىٰ مَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَأْتِينِي وَهُوَ مُعْتَكِفٌ فِي الْمَسْجِدِ حَتَّى قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَأْتِينِي وَهُو مُعْتَكِفٌ فِي الْمَسْجِدِ حَتَّى يَتكىء عَلَى عَتَبَةِ بَابِي وَأَنَا فِي حُجْرَتِي وَسَائِرُهُ في المسجد. الراوي : عائشة ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: \$366 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: \$366 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود))

বাংলা

৩৬৬২. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ই'তেকাফরত অবস্থায় আমার কাছে আসতেন, অতঃপর তিনি আমার দরজার চৌকাঠের সাথে হেলান দিতেন। আমি আমার হুজরার ভিতরের থাকতাম আর তাঁর পুরো শরীর মাসজিদে থাকতো।"[1]

ফুটনোট

[1] আবূ দাউদ: ২৪৬৮; মুসনাদ আহমাদ: ৬/৮১; সহীহুল বুখারী: ২০২৯; সহীহ মুসলিম: ২৭৯; ইবনু মাজাহ: ১৭৭৬; সহীহ ইবনু খুযাইমাহ: ২২৩০; বাগাবী: ১৮৩৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৮৮; বাগাবী: ১৮৩৭; নাসাঈ: ১/১৯৩; সুনান বাইহাকী: ১/৩০৮।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২১৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন